

স্মারক নং : ৩৪.০১.৭৭০০.০০৬.৩৮.১৪৯.২২- ৮২

তারিখ : ০৮/০২/২০২৫ খ্রিঃ।

ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮- ৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবদের কর্মসংস্থানের নিমিত্তে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরারধীন পঞ্চগড় যুব প্রশিক্ষণ কেন্দ্রে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	সাক্ষাতকারের তারিখ	ভর্তি ও ক্রাশ শুরু
“গবাদিপালন, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক বিষয়ক” প্রশিক্ষণ কোর্স	০৩ (তিন) মাস মেয়াদী আবাসিক (০১ লা জানুয়ারী/২০২৬ খ্রিঃ থেকে ৩১ মার্চ/২০২৬ খ্রিঃ পর্যন্ত)	ভর্তি ফি-১০০/- ও জামানত-১০০/-জামানত ফেরত যোগ্য (প্রতিদিন উপস্থিতির ভিত্তিতে ১৫০/- টাকার মধ্যে খাওয়ার ব্যবস্থা আছে)	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ	২৮ ডিসেম্বর/ ২০২৫ খ্রিঃ তারিখ	২৯ ডিসেম্বর/ ২০২৫ খ্রিঃ তারিখ	০১ লা জানুয়ারী/ ২০২৬ খ্রিঃ

দরখাস্ত এবং ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৮ ডিসেম্বর/২০২৫ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০১ লা জানুয়ারী/২০২৬ খ্রিঃ।
- বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ১-হস্তে লিখিত দরখাস্ত-১। নাম (বাংলা ও ইংরেজী) ২। পিতার নাম (বাংলা ও ইংরেজী) ৩। মাতার নাম (বাংলা ও ইংরেজী) ৪। জন্ম তারিখ ৫। বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স ৬। জাতীয় পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র ৭। বর্তমান ঠিকানা ৮। স্থায়ী ঠিকানা ৯। শিক্ষাগত যোগ্যতা ১০। ধর্ম ১১। জেডার/লিঙ্গ ১২। মোবাইল নম্বর ১৩। বিকল্প যোগাযোগের নম্বর ১৪। ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) ১৫। যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং ১৬। ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত যুব নারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদনপত্র ১৬ উপজেলায় যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে।
- আবেদন পত্রের সাথে সংযুক্তি : ১। শিক্ষাগত যোগ্যতা সনদ পত্রের ছায়া লিপি ২। জাতীয় পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/জন্ম নিবন্ধন সনদ ৩। সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূলসনদপত্র সমূহ সংগে আনতে হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

প্রশিক্ষণের শর্তাবলী :

- বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/- (একশত) টাকা (ফেরতযোগ্য) জমা প্রদান করতে হবে।
- বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি আবাসিক ভাবে পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীগণকে তাদের জন্য নির্ধারিত প্রশিক্ষণ ভাতা তাদের প্রতিদিনের খাওয়ার জন্য ব্যয় করা হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা বাধ্যতামূলক ভাবে মেনে চলতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম অথবা কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

প্রাপক : উপ পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, পঞ্চগড়।

স্বাঃ
(শাহিন আরা সুলতানা গনী)
ডেপুটি কো-অর্ডিনেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র, পঞ্চগড়।
মোবাইল নম্বর : ০১৭১৮-৮৩৬০৩০

স্মারক নং : ৩৪.০১.৭৭০০.০০৬.৩৮.১৪৯.২২-

তারিখ : খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,, পঞ্চগড়।
- ৩। অফিস কপি।


ডেপুটি কো-অর্ডিনেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র, পঞ্চগড়।